NEW YORK STATE | Department of Taxation and Finance

Publication 3102-BEN
(1/19)

কারা রিয়েল প্রপার্টি ট্যাক্স ক্রেডিটের (Real Property Tax Credit) যোগ্য হবেন

আপনি নীচের যাবতীয় শর্ত পূরণ করলে এই ক্রেডিট দাবি করতে পারবেন:

- আপনার **স্থূল পারিবারিক আয়** $18,000 বা তার কম ছিল;
- আপনি ছয়মাস বা তার বেশি সময় নিউ ইয়র্ক সিটির একই **আবাসনে** বাস করেছেন;
- আপনি গোটা করবর্ষ জুড়ে নিউ ইয়র্ক স্টেটে বাস করেছেন;
- আপনাকে অন্য কোনো করদাতার যুক্তরাষ্ট্রীয় আয়করের বিবরণীর নির্ভরশীল হিসেবে দাবি করা যায়নি,
- আপনার আবাসনটি ভূসম্পত্তির কর থেকে সম্পূর্ণ ছাড় প্রাপ্ত;
- আপনার মালিকানায় থাকা যাবতীয় ভূসম্পত্তির, যেমন বাড়ি, গ্যারেজ ও জমি, বর্তমান বাজার মূল্য $85,000 বা তার কম; এবং
- আপনি নীচের **হয়** *বাড়ির মালিকদের* নতুবা *ভাড়াটিয়াদের* অধীনে তালিকাভুক্ত যাবতীয় শর্ত পূরণ করেন।

বাড়ির মালিকগণ:

- আপনি বা আপনার স্ত্রী/স্বামী **ভূসম্পত্তির কর প্রদান করেছেন**; এবং
- আপনার আবাসনের বাসস্থান বাদে অন্য ব্যবহারের জন্য আপনি আপনার প্রাপ্ত মোট ভাড়ার 20% বা তার কম ভাড়া পেয়েছেন।

ভাড়াটিয়াগণ:

- আপনি বা **আপনার পরিবারের কোনো সদস্য** আপনার আবাসনের ভাড়া দিয়েছেন; এবং
- আপনি ও আপনার পরিবারের সদস্যরা যে গড় মাসিক ভাড়া দিয়েছেন তা $450 বা তার কম, যার মধ্যে তাপ, গ্যাস, বিদ্যুৎ, আসবাব বা বোর্ডের ভাড়া গণনা করা হয়নি।

এই ক্রেডিটের রাশি কত?

- আপনার পরিবারের সকল সদস্যের বয়স 65 বছরের কম হলে ক্রেডিটের রাশি $75 পর্যন্ত হতে পারে।
- আপনার পরিবারের অন্ততঃ একজন সদস্যের বয়স 65 বছর বা তার বেশি হলে ক্রেডিটের রাশি $375 পর্যন্ত হতে পারে।
- আপনার ক্রেডিট আপনার বাকি থাকা করের চেয়ে বেশি হলে আপনি ফেরত চাইতে পারেন।

আরও তথ্যের জন্য, দেখুন Form IT-214 (ফর্ম IT-214), *Claim for Real Property Tax Credit for Homeowners and Renters* (*বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের জন্য রিয়েল প্রপার্টি ট্যাক্স ক্রেডিটের দাবি*), ও তার নির্দেশিকা। আপনাকে নিউ ইয়র্ক স্টেটের আয়করের বিবরণী দাখিল করতে না হলে ফর্ম IT-214 পূরণ ও দাখিল করুন এবং আমরা ক্রেডিটের রাশি আপনাকে ফেরত দিয়ে দেবো। আপনাক□ একটি বিবরণী দাখিল করতে হলে আপনার বিবরণীর সঙ্গে ফর্ম IT-214 জমা দিন।

আমি আগের বছরগুলির ক্রেডিট কীভাবে দাবি করবো?

আপনি আগের বছরগুলির ক্রেডিট ফেরত পেতে পারেন, যদি আপনি দাখিল করা হয়ে থাকলে সেই বিবরণীর দাখিলের তারিখের তিন বছরের মধ্যে ক্রেডিট দাবি করেন। ফর্ম IT-214 পূরণ ও দাখিল করুন (সেই বছরের বা আপনি যে বছরের জন্য যোগ্য তার জন্য)।

সংজ্ঞাসমূহ

পারিবারিক সর্বমোট আয় এর মধ্যে আপনার ও আপনার পরিবারের সদস্যগণ সেই করবর্ষের মধ্যে প্রাপ্ত আয়ের নিম্নলিখিত আইটেমগুলি রয়েছে:

- যুক্তরাষ্ট্রীয় সমন্বিত সর্বমোট আয় (FAGI), এমনকি আপনি যুক্তরাষ্ট্রীয় বিবরণী দাখিল না করে থাকলেও;
- FAGI এর উপর নিউ ইয়র্ক স্টেটের সংযোজন;
- সমর্থনের অর্থ, পালিত পরিচর্যার সমর্থনের অর্থ সহ;
- Internal Revenue Code (আভ্যন্তরীণ রাজস্ব আইন - IRC) এর ধারা 911 এর দ্বারা ছাড়প্রাপ্ত বিদেশে অর্জিত আয়;
- পরিপূরক নিরাপত্তা আয় (SSI) এর প্রদত্ত অর্থ, যা FAGI এর অন্তর্ভুক্ত নয়;
- নিউ ইয়র্ক স্টেট, তার সংস্থাগুলি, সাহায্যপ্রাপ্ত সংস্থা, সরকারি কর্পোরেশন বা রাজনৈতিক উপবিভাগের থেকে প্রাপ্ত করযোগ্য নয় এমন সুদ;
- শ্রমিকদের ক্ষতিপূরণ;
- সময় অপচয়ের বিমার সুবিধার স্থূল রাশি (উদাহরণস্বরূপ, কোনো ত্রুটিহীন অটোমোবাইল সুবিধার অধীনে প্রাপ্ত কোনো দুর্ঘটনা বা স্বাস্থ্যের বিমা পলিসির অথবা প্রতিবন্ধকতার সুবিধা);
- নগদ সরকারি সহায়তা ও মোচন (হোম এনার্জি অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (HEAP) বা অভাবগ্রস্তের জন্য চিকিৎসা সহায়তার রাশি এর মধ্যে থাকবে না);
- করযোগ্য নয় এমন ধর্মঘট সুবিধাসমূহ;
- FAGI এর অন্তর্ভুক্ত নয় এমন পেনশন ও বার্ষিক বৃত্তি, রেলরোড অবসরের সুবিধা সহ;
- Social Security Act (সোশ্যাল সিকিউরিটি আইন) ও প্রাক্তন সৈনিকদের প্রতিবন্ধকতার পেনশন বাবদ প্রাপ্ত যাবতীয় অর্থ, আপনার সুবিধার থেকে কেটে নেওয়া কোনো Medicare প্রিমিয়াম বাদ দিয়ে, Form SSA-1099 (ফর্ম SSA-1099), *Social Security Benefit Statement* (*সোশ্যাল সিকিউরিটির সুবিধার বিবৃতি-তে)* রিপোর্ট করা হয়।

পারিবারিক সর্বমোট আয়ের মধ্যে এগুলি ধরা হয় **না**:

- ফুড স্ট্যাম্পস,
- Medicare ও Medicaid এর সুবিধাগুলি,
- জলপানি ও অনুদান,
- উদ্বৃত্ত খাদ্য বা অনুরূপ মোচন,
- প্রাক্ত সৈনিকদের যুক্তরাষ্ট্রীয় Veterans' Dioxin and Radiation Exposure Compensation Standards Act (ভেটারেন'স ডাইঅক্সিন অ্যান্ড রেডিয়েশন এক্সপোজার কম্পেন্সেশন স্ট্যান্ডার্ডস অ্যাক্ট)-এর অধীনে প্রদত্ত রাশি,
- Public Law (জন আইন) 103-286-তে সংজ্ঞায়িত নাৎসি নির্যাতনের শিকার হিসেবে তাদের স্থিতির কারণে ব্যক্তিদের প্রদত্ত অর্থ।

একটি **আবাসন** হলো এমন এক বাসস্থান যা নিউ ইয়র্ক স্টেটে আপনি যার মালিক বা ভাড়াটিয়া। আবাসনটি এক একর বা তার বেশি জমির উপর অবস্থিত হলে আপনি যে সংখ্যার ক্রেডিট ব্যবহার করতে পারবেন তা **কেবল** প্রদত্ত ভূসম্পত্তির কর বা ভাড়ার রাশি, যা আবাসন ও তার চারপাশের **কেবল এক একর** জমির জন্য প্রযোজ্য।

- একটি বহু-বাসস্থানের ইউনিটের মধ্যেকার প্রতিটি বাসস্থান, যেমন, একটি আপার্টমেন্ট ভবন, আবাসন হিসেবে বিবেচিত হতে পারে।
- একটি একক বাসস্থানের মধ্যেকার একটি কন্ডোমিনিয়াম, একটি কোঅপারেটিভ বা একটি ভাড়াটিয়া ইউনিট হলো একটি আবাসন।

- একটি ট্রেলার বা চলমান বাড়ি, যা কেবল বসবাসের জন্যই ব্যবহৃত হয়, তাকে আবাসন হিসেবে বিবেচনা করা যাবে, যদি ট্রেলার বা চলমান বাড়িটি ভূসম্পত্তির করের উদ্দেশ্যে মূল্যায়ন করা হয়ে থাকে, এমনকি আপনি এর জন্য গৃহকর প্রদান না করে থাকলেও (উদাহরণস্বরূপ, আপনার বাড়িটি যে পার্কে অবস্থিত তার মালিক এর উপর কর প্রদান করে থাকলে)।

প্রদত্ত ভূসম্পত্তির কর হলো সেই যাবতীয় ভূসম্পত্তির কর যা আপনি (বা আপনার স্ত্রী/স্বামী, যদি স্ত্রী/স্বামী অন্ততঃ ছয়মাসের জন্য সেই আবাসনে বাস করে থাকেন) আপনার আবাসনের উপর করবর্ষ চলাকালীন প্রদান করেছেন, যার মধ্যে পড়ে:

- বর্তমান, আগেকার ও প্রিপেড ভূসম্পত্তির কর;
- বিশেষ মূল্যানুসারী শুল্ক ও আরোপিত মূল্যায়ন।

আপনি Real Property Tax Law (ভূসম্পত্তি কর আইন) ধারা 467 (65 বছর বা তার বেশি বয়সীদের জন্য) এর অধীনে করের থেকে ছাড় পাওয়া ভূসম্পত্তি কর অন্তর্ভুক্ত করা বেছে নিতে পারেন। প্রাক্তন সৈনিকদের বা STAR করের ছাড় এর যোগ্য **নয়**। আপনি এর রাশিটি না জানলে আপনার স্থানীয় মূল্যায়নকারীর সঙ্গে যোগাযোগ করুন।

পরিবারের সদস্যগণ এর মধ্যে পড়েন সেই সকলে যারা আপনার আবাসন, তার আসবাবপত্রও, সুযোগসুবিধা ও জায়গা ভাগ করে নেন, পরিবারের সেই সকল সদস্য আপনার আত্মীয় হোন বা না হোন। যদিও, ভাড়াটিয়া, উপ-ভাড়াটিয়া, একটি ঘর ভাড়া নিয়ে বাস করা ব্যক্তি বা আবাসিক পরিবারের সদস্য নন, যদি না তারা আপনার আত্মীয় হন।

নিউ ইয়র্ক স্টেটের সংযোজনসমূহ

FAGI এর সঙ্গে নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে সাধারণ কিছু সংযোজন হলো:

- যুক্তরাষ্ট্রীয় সরকার বা অন্যান্য স্টেটের দ্বারা জারি করা বন্ড-এর সুদ;
- সরকারি কর্মচারীদের 414(h) অবসরের অবদানসমূহ;
- নিউ ইয়র্ক সিটির নমনীয় সুবিধা কার্যক্রমের অধীনে কেটে নেওয়া রাশি;
- নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিমা ও কল্যাণ সুবিধা তহবিলের অধীনে কেটে নেওয়া রাশি।

নিউ ইয়র্ক স্টেটের সংযোজনগুলির সম্পূর্ণ তালিকার জন্য ফর্ম IT-201 এর নির্দেশিকা দেখুন।

দ্রষ্টব্য: আপনি পুরো-বছরের বাসিন্দা হলে এই ক্রেডিট আপনার বাকি থাকা করের রাশির চেয়ে বেশি হয়ে গেলে অবশিষ্ট অংশ আপনাকে ফেরত দিয়ে দেওয়া হবে।